

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফআরডি শাখা



“ত্রিশাল-বালিপাড়া-নান্দাইল (কানুরামপুর) জেলা মহাসড়ক প্রশস্তকরণ ও মজবুতিকরণ” শীর্ষক চলমান উন্নয়ন প্রকল্পের
ওপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	০১ জুন ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০.৪০ মিনিট
স্থান	কক্ষ নং-৮২১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

১। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, “ত্রিশাল-বালিপাড়া-নান্দাইল (কানুরামপুর) জেলা মহাসড়ক প্রশস্তকরণ ও মজবুতিকরণ” শীর্ষক প্রকল্পটি মোট ১১৪৪৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং ০১-০১-২০১৮ থেকে ৩০-০৬-২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬-১২-২০১৭ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এর মেয়াদকাল ০১-০১-২০১৮ থেকে ৩০-০৬-২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৭২৭১.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ৬৩.৫১%। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের আওতায় ২২.৪৫ কি.মি. সড়কের ২২.৪৫ কি.মি. অংশে মোট ২টি প্যাকেজে সড়ক প্রশস্তকরণ, মজবুতিকরণ ও সার্ফেসিং অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটি সংশোধনের কারণ সম্পর্কে তিনি বলেন, মূল ডিপিপিতে সড়কের বিভিন্ন চেইনেজের ৩৫০০.০০ মিটার অংশে শুধুমাত্র বেইজ টাইপ-১ ধরা হয়েছে। একটি কার্যকরি ও সাশ্রয়ী সড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠা করার লক্ষ্যে উক্ত সড়ক অংশে বেইজ টাইপ-১ এর নীচে সাব-বেইজ এবং Landfilling করে আইএসজি এর লেয়ার দিয়ে চেইনেজগুলোতে পেভমেন্ট Re-sectioning করে পেভমেন্ট উন্নয়ন করা প্রয়োজন। এছাড়া, রেলওয়ে কর্তৃপক্ষ থেকে Rail Crossing নির্মাণের জন্য রেইট সিডিউল ২০১৫ অনুযায়ী ৮০.০০ লক্ষ টাকা প্রাক্কলন করা হয়েছিল। কিন্তু বর্তমান চাহিদা অনুযায়ী ও রেট সিডিউল ২০১৮ এর আলোকে এর ব্যয় রেলওয়ে থেকে পাওয়া গিয়েছে ২৪৬.৮৯ লক্ষ টাকা। উল্লেখ্য, Rail Crossing নির্মাণের জন্য প্রাক্কলিত ব্যয় বাংলাদেশ রেলওয়েকে Work charged হিসেবে স্থানান্তর করা হবে। এছাড়া, ইউটিলিটি সিফটিং এ অতিরিক্ত ৫.০০ লক্ষ টাকা প্রয়োজন হবে মর্মে সভায় জানানো হয়। এজন্য প্রকল্পটি সংশোধন করা প্রয়োজন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২.১) রেলওয়ের চাহিদা এবং প্রয়োজন অনুযায়ী Rail Crossing নির্মাণের জন্য প্রয়োজনীয়


অর্থের সংস্থান করতে হবে;

২.২) প্রকল্পভুক্ত সড়কের বিভিন্ন চেইনেজের ৩৫০০.০০ মিটার অংশে বেইজ টাইপ-১ এর নীচে সাব-বেইজ এবং Landfilling করে আইএসজি এর লেয়ার দিয়ে চেইনেজগুলোতে পেভমেন্ট Re-sectioning করতে হবে;

২.৩) ইউটিলিটি সিফটিং এর জন্য প্রয়োজন অনুযায়ী অর্থের সংস্থান রাখা যেতে পারে; এবং

২.৪) উপর্যুক্ত সিদ্ধান্ত (২.১-২.৩) যথাযথ প্রতিফলনপূর্বক নির্ধারিত ছকে প্রকল্পের সংশোধিত ডিপিপি জরুরিভিত্তিতে এ বিভাগে প্রেরণ করতে হবে।

৩। সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩৬.১৪.২৩৮.১২.

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২৭

০৪ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৭) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ৮) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১২) উপ প্রধান, সওজ জিওবি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, টেকনিক্যাল সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১৪) প্রকল্প পরিচালক, এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ
- ১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্লানিং এন্ড প্রোগ্রামিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ময়মনসিংহ সড়ক সার্কেল, ময়মনসিংহ
- ১৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট (সিনিয়র সিস্টেম এনালিস্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

- ১৯) সিনিয়র সহকারী প্রধান, জিএফআরডি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২০) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ময়মনসিংহ সড়ক বিভাগ, ময়মনসিংহ
২১) সিনিয়র সহকারী প্রধান, প্রকল্প সমন্বয় শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



এ এম এম রিজওয়ানুল হক
সিনিয়র সহকারী প্রধান